



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা
www.cabinet.gov.bd



স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.১৬

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮

২৭ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের পর উর্ধ্বতন অফিস ও আওতাধীন অফিসের ওয়েবসাইটে স্বাক্ষরিত এপিএ আপলোড করার বিষয়ে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২' এ নির্দেশনা প্রদান করা আছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন কোনো কোনো দপ্তর/সংস্থার ওয়েব পোর্টালে সংশ্লিষ্ট সেবা বক্সে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আপলোড করা হয়নি। এতে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক এসকল দপ্তর/সংস্থার এপিএ'র বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

০২। এ সমস্যা নিরসনকল্পে ও নির্দেশিকায় বর্ণিত নির্দেশনা প্রতিপালনের লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা পর্যায়ে ২০২১-২২ অর্থবছরের স্বাক্ষরিত এপিএ স্ব-স্ব ওয়েব পোর্টালে আপলোড আগামী ৭ মার্চ ২০২২ তারিখের মধ্যে নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পরে মন্ত্রিপরিষদ বিভাগ হতে দৈবচয়ন ভিত্তিতে দপ্তর/সংস্থা পর্যায়ে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আপলোড করা হয়েছে কিনা তা যাচাই করা হবে।

২৭-২-২০২২

মোঃ শামীমুর রহমান
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৫০১১১

ফ্যাক্স: ৯৫১৩৩০২

সিনিয়র সচিব/সচিব (সকল) [দৃ. আ. এপিএ টিম লিডার,
সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ]

ইমেইল: pmpec_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২৫.২২.০০১.১৯.১৬/১(২)

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮

২৭ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭-২-২০২২

মোঃ শামীমুর রহমান
সিনিয়র সহকারী সচিব